গাংনীতে বাস ও ড্রাম ট্রাকের মুখোমুখি সংঘর্ষ, আহত-১০

গাংনীর বামন্দীতে গোল্ডেন এক্সক্লুসিভ পরিবহন ও একটি ড্রাম ট্রাকের মুখোমুখি সংঘর্ষে ১০ জন আহত হয়েছেন।

আজ বৃহস্পতিবার ২১ ডিসেম্বর সকাল সাড়ে নয়টার সময় গাংনী উপজেলার বামন্দী বাস স্ট্যান্ডের সন্নিকটে এই সড়ক দূর্ঘটনা সংগঠিত হয়। দুর্ঘটনার পরপরই বাসটির চালক হেলপার ঘটনাস্থল ছেড়ে পালিয়ে যায়। এসময় সড়কে বেশ কিছু সময় যানবাহন চলাচল বন্ধ ছিলো।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঢাকা থেকে ছেড়ে আসা গোল্ডেন লাইন পরিবহন ও মেহেরপুর থেকে ছেড়ে আসা দ্রুতগামী ড্রাম ট্রাকের মুখোমুখি সংঘর্ষে এ হতাহতের ঘটনা ঘটে। আহতরা স্থানীয় ক্লিনিগুলোতে প্রাথমিক চিকিৎসা নিয়ে স্থান ত্যাগ করেছে বলে তাদের পরিচয় সনাক্ত করা সম্ভব হয়নি।

বামন্দী পুলিশ ফাঁড়ির আইসি এসআই শরিফুল ইসলাম ঘটনা সত্যতা নিশ্চিত করেছেন।